গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৭- ১৩৬৭১ তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৭

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নভেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১০ ডিসেম্বর ২০১৭, সময় : সকাল ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | দূতাবাস হতে প্রদত্ত এনওসি'র উপর সম্পূর্ণ নির্ভর না করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে বৈধতার বিষয়ে দূতাবাস হতে প্রদত্ত এনওসি'র উপর সম্পূর্ণ নির্ভর না করে প্রাপ্ত কাগজপত্রাদি যাচাইয়ান্তে বৈধতা নিশ্চিত হওয়া সম্পর্কে সভায় আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রে বৈধতার বিষয়ে দূতাবাস হতে প্রদত্ত এনওসি'র উপর সম্পূর্ণ নির্ভর না করে প্রাপ্ত কাগজপত্রাদি যাচাইয়ান্তে বৈধতা নিশ্চিত হতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি) |
| ২.০ | নথি উপস্থাপন | মৃতের পরিবার কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংযোজনপূর্বক নথি উপস্থাপনের জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মৃতের পরিবার কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংযোজনপূর্বক নথি উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি) |
| ৩.০ | তথ্য কেন্দ্রে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ। | সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে স্থাপিত "তথ্য কেন্দ্রে" সকল কর্মকর্তা/ কর্মচারীদের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল নম্বর ও ইন্টারকম নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি রাখতে হবে এবং কর্মবন্টনসহ প্রয়োজনীয় ডকুমেন্টস তথ্য কেন্দ্রে রাখতে হবে।<br>তাছাড়া বিভিন্ন দূতাবাস/মিশন, বিএমইটি, ডিইএমও, ও এ অফিসের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় টেলিফোন নম্বর ও তথ্য উপাত্ত সংগ্রহ করে তথ্য কেন্দ্রে রাখতে হবে।<br>তথ্য কেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তা/ কর্মচারী আগত ব্যক্তিদের বিনয়ের সাথে মার্জিত আচরণ করতঃ সঠিক তথ্য প্রদান করতে হবে। | সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে স্থাপিত "তথ্য কেন্দ্রে" সকল কর্মকর্তা/ কর্মচারীদের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল নম্বর ও ইন্টারকম নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি রাখতে হবে।<br>(খ) সকল কর্মকর্তা/কর্মচারীদের কর্মবন্টনসহ প্রয়োজনীয় ডকুমেন্টস তথ্য কেন্দ্রে রাখা এবং বিভিন্ন দূতাবাস/মিশন, বিএমইটি, ডিইএমও, ও এ অফিসের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় টেলিফোন নম্বর ও তথ্য উপাত্ত সংগ্রহ করে তথ্য কেন্দ্রে রাখতে হবে।<br>(গ) তথ্য কেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তা/ কর্মচারী সেবা প্রত্যাশীদের বিনয়ের সাথে মার্জিত আচরণ করতঃ সঠিক তথ্য প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৪.০ | বাধ্যতামূলক ইআরপি কার্যক্রম চালু। | জানুয়ারী, ২০১৮ হতে অন লাইনের মাধ্যমে নথি কার্যক্রম চালু করার সকল প্রস্তুতি গ্রহণ এবং ইআরপি এর মাধ্যমে বাধ্যতামূলক সকল কার্যক্রম চালু করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জানুয়ারী ২০১৮ হতে অন লাইনের মাধ্যমে নথি কার্যক্রম চালু করার সকল প্রস্তুতি গ্রহণ এবং ইআরপি এর মাধ্যমে বাধ্যতামূলক সকল কার্যক্রম চালু করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | দায়িত্ব পূনবন্টন। | সভায় উপস্থিত উপ সহকারী পরিচালক জনাব খালেদ মোঃ রফি তার উপর অর্পিত কাজ অধিক হওয়ায় কিছু কাজ কমিয়ে দেয়ার বিষয়ে সদয় বিবেচনা করার জন্য সভায় অনুরোধ করেন। | উপ-সহকারী পরিচালক জনাব খালেদ মোঃ রফি এর উপর অর্পিত কাজ কমিয়ে দেয়ার ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৬.০ | হেল্প ডেস্ক / তথ্য কেন্দ্র স্থাপন। | প্রবাসী বাংলাদেশি কর্মীদের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবা গ্রহণের জন্য আগত ব্যক্তিদেরকে সঠিক তথ্য ও সহায়তা প্রদানের নিমিত্ত একটি হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। উক্ত হেল্প ডেস্কের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্ত ইতোমধ্যে ২ টি মোবাইল নম্বর ও ১টি টেলিফোন নম্বর সংযোগ দেয়া হচ্ছে। যা অচিরেই চালু করা হবে। নম্বর গুলো হচ্ছে- ০১৭৮৪৩৩৩৩৩৩, ১৭৯৪৩৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮। | প্রবাসী বাংলাদেশি কর্মীদের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবা গ্রহণের জন্য আগত ব্যক্তিদেরকে সঠিক তথ্য ও সহায়তা প্রদানের নিমিত্ত একটি হেল্প ডেস্ক স্থাপন, জনবল ও প্রয়োজনীয় মালামাল সংস্থান করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিষ্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিষ্ট্রেটর, সার্ভার রুম, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(তথ্য-প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৭।